গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারকনং-৫৮.০৩.০০০০.০১.৯৯.০০১.২৫-১৫

তারিখ: ০১/০২/১৪৩২ বঃ
১৫/০৫/২০২৫ খ্রিঃ

**বিষয় : নিয়োগ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে নির্দেশনা প্রতিপালন প্রসংগে।**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগদানের জন্য গত ০৮/৪/২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নিয়োগ কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন, জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং নিয়োগ সংক্রান্ত কার্যক্রমকে সুশৃঙ্খল ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিয়োগ কমিটিকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১। নিয়োগ প্রক্রিয়ায় বিদ্যমান সরকারি বিধি-বিধান ও সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

২। প্রার্থীদের আবেদন যাচাই-বাছাই কার্যক্রম নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে এবং এ সংক্রান্ত সকল কার্যবিবরণী সংরক্ষণ করতে হবে;

৩। সম্পূর্ণ নিয়োগ কার্যক্রম স্বচ্ছ ও নিরবিচ্ছিন্ন করতে একটি আভ্যন্তরীণ কমিটি গঠন করতে হবে। তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে এ ধরনের কমিটিতে ছিলেন এমন কোনো কর্মকর্তা/কর্মচারীকে এ কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে না। তবে অনিবার্য প্রয়োজনে কাউকে অন্তর্ভুক্ত করতে হলে যথাযথ প্রক্রিয়ায় অনুমোদন নিতে হবে;

৪। যে সকল পদের জন্য এসএসসি ও তদূর্ধ্ব পাস যোগ্যতা প্রয়োজন সে সকল পদের লিখিত পরীক্ষা Optical Mark Recognition (OMR) পদ্ধতিতে গ্রহণ করতে হবে। মাঠ (ব্যবহারিক)/লিখিত/মৌখিক পরীক্ষার পূর্বে প্রশ্নপত্র প্রস্তুত ও প্রিন্ট এবং পরীক্ষার কেন্দ্র নির্বাচনে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;

৫। সকল পরীক্ষার কার্যক্রম (মাঠ, লিখিত ও মৌখিক) স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রেখে গ্রহণ করতে হবে এবং পরীক্ষার সময় সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা উপস্থিত থাকবেন;

৬। কাগজপত্র যাচাই বাছাই ও মাঠ পরীক্ষার দিন পূর্বাচল মাল্টিপারপাস ট্রেনিং গ্রাউন্ডের মাঠে বাঁশ দিয়ে জেলাভিত্তিক লাইন বা সারি প্রস্তুত করতে হবে। উক্ত ট্রেনিং গ্রাউন্ডের প্রতিটি প্রবেশপথ ও গুরুত্বপূর্ণ স্থানসমূহ সিসি ক্যামেরার আওতায় আনতে হবে। এছাড়া জেলাভিত্তিক লাইন, কাগজপত্র যাচাই বাছাই, দৌড়, শারীরিক যোগ্যতা যাচাই ইত্যাদি প্রত্যেকটি স্থানে ভিডিও ক্যামেরার মাধ্যমে পূর্ণাঙ্গ কার্যক্রম ভিডিও করতে হবে। চালকদের ক্ষেত্রে ভারী গাড়ি চালনার দক্ষতা যাচাই নিশ্চিত করতে হবে;

৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের ভিডিও ফুটেজ সংরক্ষণ করতে হবে, যা নিয়োগ কমিটি নিশ্চিত করবেন;

৮। মাঠে চূড়ান্তভাবে নির্বাচিত সকল প্রার্থীদের ভিডিওচিত্র আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে। মাঠ কমিটির সদস্যবৃন্দ এ বিষয়টি নিশ্চিত করবেন। প্রয়োজনে ফিঙ্গার প্রিন্ট সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

৯। পরীক্ষার ফলাফল প্রস্তুতের ক্ষেত্রে প্রয়োজনীয় স্বচ্ছতা ও যথাযথ ডকুমেন্টেশন নিশ্চিত করতে হবে এবং ফলাফল প্রকাশের পূর্বে যথাযথ অনুমোদন গ্রহণ করতে হবে।

১০। মাঠ, লিখিত ও মৌখিক পরীক্ষার দিনগুলোতে জরুরি প্রয়োজন ব্যতীত সকল দপ্তর/ফায়ার স্টেশনের কর্মীদের ছুটি প্রদান বন্ধ রাখতে হবে। জরুরি প্রয়োজনে ছুটিতে গমনকারীদের নামীয় তালিকা বিভাগীয় দপ্তর কর্তৃক বাছাই ও মাঠ পরীক্ষার পূর্বেই নিয়োগ কমিটির নিকট সংশ্লিষ্ট ডিডি/এডিগণের মাধ্যমে অবগতির জন্য প্রেরণ করতে হবে;

১১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নাম টেলিটকে প্রকাশের পূর্বে প্রতিটি নাম যাচাই করতঃ সঠিকতা নিশ্চিত করতে হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং নিয়োগ কমিটিকে বিষয়োক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫/০৫/২৫
ব্রিগেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

সভাপতি
বিভাগীয় নিয়োগ কমিটি
ও পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা

বিতরণ:

১. অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সিনিয়র সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।